

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৬৩
৪৪/ তাফসীরুল কুরআন (ﷺ আা كتاب تفسير القرآن عن رسول الله)
পরিচ্ছেদঃ ২১. সূরা ত্ব-হা

## আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا النَّصْرُ بْنُ شُمَيْلِ، أَخْبَرَنَا صَالِحُ بْنُ أَبِي الأَخْضَرِ، عَنِ النُهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ لَمَّا قَفَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ خَيْبَرَ أَسْرَى لَيْلَةً حَتَّى أَدْرَكَهُ الْكَرَى أَنَاحَ فَعَرَّسَ ثُمَّ قَالَ " يَا بِلاَلُ اكْلأُ اكُلأُ لَنَا اللَّيْلَةَ " . قَالَ فَصَلِّى بِلاَلٌ ثُمَّ تَسَانَدَ إِلَى رَاحِلَتِهِ مُسْتَقْبَلَ الْفَجْرِ فَعَلَبَتْهُ عَيْنَاهُ فَنَامَ فَلَمْ لَنَا اللَّيْلَةَ " . قَالَ فَصَلِّى بِلاَلٌ ثُمَّ تَسَانَدَ إِلَى رَاحِلَتِهِ مُسْتَقْبَلَ الْفَجْرِ فَعَلَبَتْهُ عَيْنَاهُ فَنَامَ فَلَمْ يَسْتَيْقِظْ أَحَدٌ مِنْهُمْ وَكَانَ أَوَّلَهُمُ اسْتِيقَاظًا النَّبِيُّ صلى الله عليه وسلم . فَقَالَ " أَى بِلاَلُ " . فَقَالَ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلالً بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلَالٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلُ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلٌ بِلاَلُ الْقَالَ وَسَلُم اللهِ عَليه وسلم . فَقَالَ رَسُولُ اللّهِ عَن الله عليه وسلم " اقْتَادُوا " . ثُمَّ أَنَاحَ فَتَوَصَنَّا فَأَقَامَ الصَّلاَةَ ثُمَّ صَلَّى مِثْلَ صَلَى الله عليه وسلم قَلْ ذَو وَاللهِ عَليه وسلم وَلَمْ يُولُ فَي الْمُسَيَّبِ أَنَ النَّبِي صلى الله عليه وسلم وَلَمْ يُذِكُرُوا فِيهِ عَنْ أَبِي هُرَيْرَةً . وَصَالِحُ بْنُ أَبِي الْأَخْضَرِ يُضَعَقَفُ فِي الْحَدِيثِ ضَعَيْدِ الْفَطَّانُ وَغَيْرُهُ مِنْ قِبَلِ حِفْظِهِ .

## বাংলা

৩১৬৩। আবৃ হুরাইরাহ (রাযিঃ) কর্তৃক বর্ণিত আছে, তিনি বলেন, যখন খাইবার যুদ্ধ হতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ফিরে আসছিলেন এবং রাতে চলতে চলতে তার খুব ঘুম পেল, তখন তিনি তার উট বসিয়ে তা হতে নেমে পড়লেন, তারপর বললেনঃ হে বিলাল! আজ রাতে তুমি আমাদের পাহারা দাও। বর্ণনাকারী বলেন, বিলাল (রাযিঃ) নামায আদায় করলেন, তারপর সূর্যোদিয়ের দিকে মুখ ফিরিয়ে হাওদার সাথে হেলান দিয়ে বসে রইলেন। তার চোখ ঘুমের তীব্রতায় বন্ধ হয়ে গেল। কেউই সকাল বেলা ঘুম হতে উঠতে পারলেন না।

সর্বপ্রথম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাগ্রত হলেন। তিনি ডাকলেনঃ হে বিলাল! বিলাল (রাযিঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আমার বাবা আপনার জন্য কুরবান হোক। আপনার জীবন যিনি নিয়েছিলেন, আমার জীবনও তিনিই নিয়েছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ উটের পিঠে হাওদা বাধাে এবং দ্রুত সফর



কর। তারপর তিনি আরেক স্থানে পৌছে উট বসালেন এবং উযু করলেন। নামাযের উদ্দেশে ইকামাত বলা হল। তিনি যেভাবে ওয়াক্তিয়া নামাযগুলো পড়েন, ঠিক সেভাবে ধীরে সুস্থে এই (কাযা) নামায পড়লেন। তারপর তিনি আয়াত পাঠ করলেনঃ "আমার স্মরণে নামায কায়িম কর" (সূরা ত্ব-হা- ১৪)।

সহীহঃ সহীহ আবূ দাউদ (৪৬১, ৪৬৩), ইরওয়া (২৬৩), মুসলিম অনুরূপ।

আবৃ ঈসা বলেন, এ হাদীসের সনদ সুরক্ষিত নয়। একাধিক হাফিয যুহরীর সূত্রে এবং তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যাবের সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাম উল্লেখ করে এ হাদীস বর্ণনা করেছেন। তারা নিজ নিজ সনদে আবৃ হুরাইরাহর উল্লেখ করেননি। তাছাড়া হাদীস শাস্ত্রে সালিহ ইবনু আবী আখ্যার দুর্বল। ইয়াহইয়া ইবনু সাঈদ আল-কাত্তান প্রমুখ তাকে স্মরণ শক্তির দিক হতে দুর্বল বলেছেন।

## **English**

Narrated Abu Hurairah:

"While the Messenger of Allah (ﷺ) was returning from Khaibar he traveled during the night until he became sleepy and he sat down to rest. Then he said: 'O Bilal! Stand guard for us for the night.'" He said: 'So Bilal performed Salat, then he leaned against his mount facing the direction of (dawn awaiting) Fajr. His eyes overcame him until he slept, and not one of them awoke. The first of them to awaken was the Prophet (ﷺ) who said: 'O Bilal!' Bilal said: 'May my father be ransomed for you O Messenger of Allah! I was overtaken just as you were overtaken.' So the Messenger of Allah (ﷺ) said: 'Move out!' Then he kneeled to perform Wudu and to announce the standing for the Salat, then he performed Salat the same as he would when not traveling. Then he said: 'And establish the Salat for My rememberance (20:14).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন